# UNIVERSITY OF CALCUTTA

## Notification No. CSR/104/2026

It is notified for information of all concerned that in terms of the provisions of Section 54 of the Calcutta University Act, 1979, (as amended), and, in the exercise of his powers under 9(6) of the said Act, the Vice-Chancellor has, by an order dated 05.08.2026, approved the syllabus of PG programme for the Course of Study in Bengali, under NEP guidelines, as laid down in the accompanying pamphlet.

The above syllabus shall take effect from the academic session 2026-2027 and onwards.

14/08/2026

SENATE HOUSE
Kolkata-700073
14.08.2026

Prof.(Dr.) Debasis Das
Registrar

# কলিকাতা বিশ্ববিদ্যালয়

## বঙ্গভাষা ও সাহিত্য বিভাগ

# স্নাতকোত্তর বাংলা পাঠক্রম

(দ্বি-বর্ষীয় এবং এক-বর্ষীয় স্নাতকোত্তর প্রোগামের জন্য)

২০২৬

NEP-2020/SEP-2023 অনুসারে

## Course Structure for 2 Year & 1 Year PG Programme in BENGALI Under NEP 2020/SEP 2023

| 2 Year PG Programme | 1 Year PG Programme | CC | DCEC | RW | Total Credit/ Marks |
|---|---|---|---|---|---|
| 1st Semester | | 5 CC<br>5×4 (3Th+1 IA) | | | 20/250 |
| 2nd Semester | | 5 CC<br>5×4 (3Th+1 IA) | | | 20/250 |
| 3rd Semester | 1st Semester | 2 CC<br>2×4 (3Th+1 IA) | 2 DCEC<br>2×4 (3Th+1 IA) | 1 RM<br>1×4 (3Th+1 IA) | 20/250 |
| 4th Semester | 2nd Semester | 2 CC<br>2×4 (3Th+1 IA) | 2 DCEC<br>2×4 (3Th+1 IA) | 1 Dissertation/ Project<br>1×4 (3D/P+1 Viva) | 20/250 |
| Credit | | 14×4=56 | 4×4=16 | 2×4=8 | 80 |
| Marks | | 14×50=700<br>(560+140) | 4×50=200<br>(160+40) | 100<br>(80+20) | 1000<br>(800+200) |

## স্নাতকোত্তর বাংলা পাঠক্রম

(দ্বি-বর্ষীয় এবং এক-বর্ষীয় স্নাতকোত্তর প্রোগ্রাম)

**পাঠক্রমের বিদ্যায়তনিক উদ্দেশ্য (PEOs)**–বাংলা সাহিত্যের স্নাতকোত্তর পর্যায়ের পাঠক্রমে বাংলা ভাষা, সাহিত্য ও সংস্কৃতির নানা দিক সম্পর্কে পড়ুয়াদের অবহিত করানোর চেষ্টা করা হয়েছে। বাংলা ভাষা এবং সেই ভাষায় লেখা সাহিত্যের বিদ্যায়তনিক মূল্যায়ণের মধ্য দিয়ে পড়ুয়ারা নিজের দেশকালকে চিনতে শিখবে– বাঙালির ব্যক্তিক ও সামূহিক চিন্তা-চেতনার এবং তার নান্দনিক বোধের ক্রমবিবর্তন সম্পর্কে জ্ঞান অর্জন করবে। পাঠক্রমকে এমনভাবে বিন্যস্ত করা হয়েছে যাতে তা আনন্দদায়কও হয়ে ওঠে।

CC পর্যায়ের কোর্সগুলির পর DCEC কোর্সগুলিতে পড়ুয়ারা তাদের আগ্রহের বিষয়ে আরও গভীর চর্চার সুযোগ পাবে। RW-পর্যায়ের কোর্সগুলিতে পড়ুয়ারা গবেষণার নিয়মবিধি এবং হাতে-কলমে তা প্রয়োগ করার সুযোগ পাবে।

# Discipline Specific Core Course (CC)

দ্বি-বার্ষিক স্নাতকোত্তর বাংলা প্রোগ্রামের পড়ুয়ারা ৪টি সেমেস্টারে মোট ১৪টি Core Course (CC) পড়বে। প্রত্যেকটি কোর্সের ক্রেডিট ৪। প্রথম দুটি সেমেস্টারে ৫টি করে এবং শেষের দুটিতে দুটি করে CC পড়বে। ৪ ক্রেডিটের ১টি কোর্সের জন্য সপ্তাহে কমপক্ষে ৪ ঘন্টার (১ ঘন্টা করে ৪টি) ক্লাস করতে হবে।

## BNG411

### বাংলার সমাজ-সংস্কৃতি ও সাহিত্যের ইতিহাস (প্রাগাধুনিক পর্যায়) ৪০+১০=৫০

**উদ্দেশ্য :** বাংলা ভাষা উদ্ভবের সময়কাল থেকে অষ্টাদশ শতক পর্যন্ত বাঙালি জাতির আর্থ-সামাজিক, রাজনৈতিক এবং সাংস্কৃতিক বিকাশের গতিরেখার সঙ্গে সাহিত্যের সংযোগ দেখানোই এই কোর্সের উদ্দেশ্য।

**মডিউল-১** ১৩+৩=১৬

| |
|---|
| বাংলা ও বাঙালি জাতির ভৌগোলিক ও নৃতাত্ত্বিক পরিচয় |
| বাংলার সমাজ কাঠামো, অর্থনৈতিক ভিত্তি এবং প্রাচীন-মধ্যযুগের সাহিত্যে তার প্রতিফলন |
| তুর্কি আক্রমণ ও তার পরবর্তী বাংলার রাজনৈতিক ইতিহাস এবং সাহিত্যে তার প্রতিফলন |

**মডিউল-২** ১৩+৩=১৬

| |
|---|
| চৈতন্য, বাংলার ভক্তি আন্দোলন এবং বৈষ্ণব সাহিত্য |
| মঙ্গলকাব্য ও সমকালীন অন্যান্য সাহিত্যে বাংলার আর্থ-সামাজিক চিত্র |
| সুফি আন্দোলন ও বাংলার সুফি সাহিত্য |

**মডিউল-৩** ১৪+৪=১৮

| |
|---|
| সপ্তদশ ও অষ্টাদশ শতকের বাংলার আর্থ-রাজনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক প্রেক্ষাপট |
| শাক্ত, নাথ ও বাউল সাহিত্য |
| মধ্যযুগের প্রান্তিক পর্ব এবং বাংলা সাহিত্যে তার প্রতিফলন |

# BNG412

## বর্ণনামূলক ভাষাবিজ্ঞান ও বাংলা ভাষা

৪০+১০=৫০

উদ্দেশ্য : বাংলা ভাষার ধ্বনিতত্ত্ব, রূপতত্ত্ব এবং বাক্যতত্ত্ব সম্পর্কে বিস্তারিত পাঠদানের পাশাপাশি ভাষাচর্চার আধুনিক প্রবণতাগুলি সম্পর্কে পড়ুয়াদের ধারণা দেওয়াই এই কোর্সের উদ্দেশ্য।

**মডিউল-১** ১৪ + ৪ = ১৮

| | |
|---|---|
| ক. | ধ্বনিতত্ত্ব— বাগযন্ত্র, স্বরধ্বনি ও ব্যঞ্জনধ্বনির বর্গীকরণ, দ্বিস্বর, সংযুক্ত ব্যঞ্জন, সিলেব্‌লের ধারণা, স্বনিম ও বিস্বনের পার্থক্য, স্বনিম নির্ধারণের পদ্ধতি, বাংলা স্বনিমের বিন্যাস। |
| খ. | আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালা (IPA), বাংলা থেকে আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালায় লিপ্যন্তরণ। |

**মডিউল-২** ১৩ + ৩ = ১৬

| | |
|---|---|
| ক. | রূপতত্ত্ব— রূপিম ও রূপভেদের পার্থক্য, রূপিম শনাক্তকরণের পদ্ধতি, বাংলা রূপতত্ত্বের মূলসূত্র |
| খ. | বাক্যতত্ত্ব— বাক্য বিশ্লেষণের পদ্ধতি, বাংলা বাক্যের প্রকৃতি, সংগঠন ও পদক্রম। |

**মডিউল-৩** ১৩ + ৩ = ১৬

| | |
|---|---|
| ক. | ভাষাবিজ্ঞানের আধুনিক ক্ষেত্র, ভাষার বৈচিত্র্য ও সমাজভাষা বিজ্ঞান, শৈলীবিজ্ঞান |
| খ. | চমস্কির ভাষাভাবনা ও সঞ্জননী তত্ত্ব |

# BNG413

## প্রাগাধুনিক বাংলা সাহিত্য

৪০+১০=৫০

উদ্দেশ্য : প্রাগাধুনিক বাংলা সাহিত্যের দ্বিতীয় পাঠে চর্যাপদ, শ্রীকৃষ্ণকীর্তন এবং অন্নদামঙ্গল-এর পাঠ রাখা হয়েছে। প্রাচীন ও মধ্যযুগের এই সাহিত্য-সংরূপগুলির সঙ্গে বিস্তারিত পরিচয় ঘটানোই এই কোর্সের উদ্দেশ্য।

**মডিউল-১** ১৪ + ৪ = ১৮

| |
|---|
| চর্যাপদ/চর্যাগীতি— হাজার বছরের পুরাণ বাঙ্গালা ভাষায় বৌদ্ধগান ও দোহা—হরপ্রসাদ শাস্ত্রী সম্পাদিত |
| নির্বাচিত পদসমূহ— ৫, ৬, ৮, ১০, ১৩, ১৭, ২৮, ৩০, ৩৩, ৪০, ৪৯, ৫০ |

**মডিউল-২** ১৩ + ৩ = ১৬

| |
|---|
| শ্রীকৃষ্ণকীর্তন— বড়ু চণ্ডীদাস (বসন্তরঞ্জন রায় বিদ্বদ্বল্লভ সম্পাদিত) |
| নির্বাচিত পদসমূহ— ৭, ১৪, ১৩৪, ১৪৮, ২২৩, ২৪৯, ২৫৬, ২৭৯, ৩২৩, ৩৪৯, ৩৫৪, ৪১৩ |

**মডিউল-৩** ১৩ + ৩ = ১৬

| |
|---|
| রায়গুণাকর ভারতচন্দ্রের অন্নদামঙ্গল (দেববন্দনা থেকে অন্নদার ভবানন্দ ভবনে যাত্রা পর্যন্ত)<br>অথবা<br>মৈমনসিংহ গীতিকা (দীনেশচন্দ্র সেন সম্পাদিত)<br>(নির্বাচিত পালা/গীতিকা—চন্দ্রাবতী, দেওয়ান ভাবনা, রূপবতী, রাণী কমলা, কাজলরেখা) |

## BNG414

### আধুনিক কাব্য-কবিতা ও নাটক

৪০+১০=৫০

**উদ্দেশ্য :** উনিশ ও বিশ শতকের বাংলা কাব্যের প্রধান দুটি ধারার সঙ্গে এই কোর্সের বিস্তারিত পরিচয় ঘটার পাশাপাশি আধুনিক বাংলা নাট্যসাহিত্যের মেধাবী একটি নির্মাণের সঙ্গেও পড়ুয়ারা পরিচিত হবে।

মডিউল-১ — ১৪ + ৪ = ১৮

| |
|---|
| মেঘনাদবধ কাব্য— মধুসূদন দত্ত |

মডিউল-২ — ১৩ + ৩ = ১৬

| |
|---|
| জীবনানন্দ দাশের শ্রেষ্ঠ কবিতা<br>নির্বাচিত কবিতা— মৃত্যুর আগে, বোধ, ক্যাম্পে, পাখিরা, বনলতা সেন, সিন্ধুসারস, বিড়াল, আট বছর আগের একদিন, ১৯৪৬-৪৭, অদ্ভুত আঁধার এক। |

মডিউল-৩ — ১৩ + ৩ = ১৬

| |
|---|
| চাঁদ বণিকের পালা— শম্ভু মিত্র |

## BNG415

### দেশভাগের পরবর্তী বাংলা সাহিত্য

৪০+১০=৫০

**উদ্দেশ্য :** বাঙালি জাতির ইতিহাসে দেশভাগের একটি গভীরমূল এবং সুদূরপ্রসারী অভিঘাত রয়েছে। দেশভাগকে ঘিরে বাঙালির সামূহিক এবং ব্যক্তিক বিপন্নতা, বিপর্যয় এবং অসহায়ত্বের সাক্ষ্যবাহী নির্বাচিত কিছু সাহিত্যের সঙ্গে এখানে পরিচয় করিয়ে দেওয়া হবে। একই সঙ্গে দেশভাগের পর পূর্ববঙ্গ তথা বাংলাদেশে যে বাংলা সাহিত্যধারা তৈরি হয়েছে তার পাঠ ব্যতিরেকে বাংলা সাহিত্যের পঠন-পাঠন সম্পূর্ণতা লাভ করতে পারে না, এই বিবেচনাতেই কোর্সটির পরিকল্পনা করা হয়েছে।

মডিউল-১ : কবিতা — ১৩ + ৩ = ১৬

| |
|---|
| ক) পুব-পশ্চিম— অচিন্ত্যকুমার সেনগুপ্ত, খুকু ও খোকা— অন্নদাশঙ্কর রায়, ১৬ই আগস্ট ১৯৪৭— দিনেশ দাস, পারাপার— সুভাষ মুখোপাধ্যায়, বাংলা, হায় বাংলা— মঙ্গলাচরণ চট্টোপাধ্যায়, ভাষাদেশ— সমরেন্দ্র সেনগুপ্ত। |
| খ) স্বাধীনতা তুমি—শামসুর রাহমান, সোনালী কাবিন ১৩— আল মাহমুদ, তোমাকে অভিবাদন, প্রিয়তমা— শহীদ কাদরী, নগর ধ্বংসের আগে— রফিক আজাদ, জুঁই ফুলের চেয়ে শাদা ভাতই অধিক সুন্দর— মহাদেব সাহা, মানুষ— নির্মলেন্দু গুণ। |

মডিউল-২ : নাটক — ১৩ + ৩ = ১৬

| |
|---|
| বাস্তুভিটা— দিগিন্দ্রচন্দ্র বন্দ্যোপাধ্যায়<br>অথবা<br>কবর— মুনীর চৌধুরী |

মডিউল-৩ : কথাসাহিত্য — ১৪ + ৪ = ১৮

| |
|---|
| বিষাদবৃক্ষ (প্রথম পর্বের প্রথম পনেরটি অধ্যায়)— মিহির সেনগুপ্ত<br>অথবা<br>এপার গঙ্গা ওপার গঙ্গা— জ্যোতির্ময়ী দেবী, পালঙ্ক— নরেন্দ্রনাথ মিত্র, ড্রেসিং টেবিল— সলিল চৌধুরী, রাজা যায় রাজা আসে— প্রফুল্ল রায়, জটায়ু— দীপেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়, আত্মজা ও একটি করবী গাছ—হাসান আজিজুল হক, সুন্দর মানুষ— বিপ্রদাস বড়ুয়া, মিসকিন মিঞার কিস্যা—নির্মলেন্দু তালুকদার। |

## BNG421

### বাংলার সমাজ-সংস্কৃতি ও সাহিত্যের ইতিহাস (আধুনিক পর্যায়) ৪০+১০=৫০

**উদ্দেশ্য :** উনবিংশ শতকে ঔপনিবেশিক আধুনিকতার অভিঘাত বাংলার সমাজ-সংস্কৃতি ও সাহিত্যে কীভাবে পড়েছিল এই কোর্সে তার বিস্তারিত পরিচয় দেওয়া হবে। বিশ শতকে ঔপনিবেশিকতা বিরোধী বিভিন্ন আন্দোলন আমাদের সাহিত্যকে কীভাবে প্রভাবিত করেছিল তার সঙ্গেও পড়ুয়াদের পরিচয় ঘটবে। এই গোটা কালপর্বে বাংলা সাময়িক পত্রগুলির ভূমিকা সম্পর্কে এই কোর্সে পাঠদান করা হবে।

মডিউল-১ ১৩ + ৩ = ১৬

| |
|---|
| ঔপনিবেশিক আধুনিকতার অভিঘাত ও বাংলা সাহিত্য |
| ধর্ম সংস্কার, সমাজ সংস্কার ও বাংলার নবজাগরণ |
| ফকির আন্দোলন, কৃষক আন্দোলন, সাঁওতাল বিদ্রোহ, নীল বিদ্রোহ এবং বাংলা সাহিত্যে তার প্রতিফলন |
| উনিশ শতকে গঠিত সভা সমিতি |

মডিউল-২ ১৩ + ৩ = ১৬

| |
|---|
| বঙ্গভঙ্গ, বয়কট-স্বদেশী আন্দোলন ও সমকালীন বাংলা সাহিত্য |
| জাতিসত্ত্বাভিত্তিক রাজনীতি ও বাংলা সাহিত্য |
| দেশভাগ, উদ্বাস্তু সমস্যা, ভাষা আন্দোলন (মানভূম, পূর্ব-পাকিস্তান ও বরাক উপত্যকা) ও বাংলা সাহিত্য |
| খাদ্য আন্দোলন, ছয় ও সাতের দশকের গণআন্দোলন এবং সমকালীন বাংলা সাহিত্য |

মডিউল-৩ ১৪ + ৪ = ১৮

| |
|---|
| বাংলার সমাজ-সংস্কৃতি ও সাহিত্যের বিকাশে বাংলা সাময়িক পত্রের ভূমিকা (বিশেষ গুরুত্বসহ পাঠ— সংবাদ প্রভাকর, তত্ত্ববোধিনী পত্রিকা, বিবিধার্থ সংগ্রহ, মাসিক পত্রিকা, সোমপ্রকাশ, বঙ্গদর্শন, ভারতী, সাধনা, সবুজপত্র, নারায়ণ, কল্লোল, কালিকলম, প্রগতি, প্রবাসী, শনিবারের চিঠি, পরিচয়, কবিতা, চতুরঙ্গ, কৃত্তিবাস) |

## BNG422

### চরিত সাহিত্য, আত্মচরিত ও ভ্রমণ সাহিত্য ৪০+১০=৫০

**উদ্দেশ্য :** চরিত সাহিত্য ও আত্মচরিত পাঠের মধ্য দিয়ে পড়ুয়ারা ব্যক্তি চৈতন্যদেব কিংবা ব্যক্তি রাসসুন্দরীকে যেমন চিনবে তেমনি তাঁদের সময়কালের ধারণাটিকেও আয়ত্ত করতে পারবে। সুখপাঠ্য দেশে-বিদেশে পাঠের মধ্য দিয়েও ব্যক্তি মুজতবা এবং তাঁর বিচিত্র জীবন অভিজ্ঞতার সঙ্গে পরিচিত হবে পড়ুয়ারা।

মডিউল ১ ১৪ + ৪ = ১৬

| |
|---|
| চৈতন্যভাগবত (আদিখণ্ড)— বৃন্দাবন দাস |

মডিউল-২ ১৩ + ৩ = ১৬

| |
|---|
| আমার জীবন— রাসসুন্দরী দেবী |

মডিউল-৩ ১৩ + ৩ = ১৬

| |
|---|
| দেশে-বিদেশে (প্রথম ২১টি অধ্যায়)— সৈয়দ মজুতবা আলী |

# BNG423

## কথাসাহিত্য

৪০+১০=৫০

উদ্দেশ্য : এই কোর্সে বিশ শতকের বাংলা কথাসাহিত্যের সঙ্গে পড়ুয়াদের বিস্তারিত পরিচয় ঘটবে।

মডিউল-১ (যে কোনো একটি পড়তে হবে) ১৩ + ৩ = ১৬

বিষবৃক্ষ— বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়/জাগরী— সতীনাথ ভাদুড়ী

মডিউল-২ (যে কোনো একটি পড়তে হবে) ১৩ + ৩ = ১৬

প্রথম প্রতিশ্রুতি—আশাপূর্ণা দেবী/ অরণ্যের অধিকার— মহাশ্বেতা দেবী

মডিউল-৩ ১৪ + ৪ = ১৮

একালের ছোটগল্প সঞ্চয়ন (কলিকাতা বিশ্ববিদ্যালয় প্রকাশিত)

পাঠ্য : পয়োমুখম—জগদীশ গুপ্ত, মহানগর—প্রেমেন্দ্র মিত্র, পুঁই মাচা— বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়, না— তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়, ফসিল—সুবোধ ঘোষ, এখন প্রেম—তপোবিজয় ঘোষ, মতিলাল পাদরী— কমলকুমার মজুমদার, প্লাবনকাল—সুচিত্রা ভট্টাচার্য

# BNG424

## রবীন্দ্রসাহিত্য—১

৪০+১০=৫০

উদ্দেশ্য : রবীন্দ্রসাহিত্যের সঙ্গে পড়ুয়াদের এর আগেই বিচ্ছিন্ন ভাবে পরিচয় ঘটেছে। এই কোর্সে পড়ুয়ারা রবীন্দ্রসাহিত্যের বিস্তারিত পাঠ গ্রহণ করবে।

মডিউল-১ ১৩ + ৩ = ১৬

গল্প— মণিহারা, একরাত্রি, একটা আষাঢ়ে গল্প, নষ্টনীড়, অনধিকার প্রবেশ, পয়লা নম্বর, স্ত্রীর পত্র (গল্পগুচ্ছ) এবং শেষকথা (তিনসঙ্গী)

মডিউল-২ ১৩ + ৩ = ১৬

মুক্তধারা/রক্তকরবী

মডিউল-৩ ১৪ + ৪ = ১৮

সাহিত্যের পথে— তথ্য ও সত্য, সাহিত্যে নবত্ব, সাহিত্যবিচার, আধুনিক কাব্য, সাহিত্যের তাৎপর্য ও সাহিত্য সমালোচনা

# BNG425

## বাংলা অনুবাদে ভারতীয় সাহিত্য

৪০+১০=৫০

উদ্দেশ্য : এই কোর্সে বাংলা অনুবাদের মাধ্যমে ভারতীয় সাহিত্যের ধারণা পড়ুয়ারা গ্রহণ করতে পারবে।

মডিউল-১ : কাব্য ১৪ + ৪ = ১৮

মেঘদূত (কালিদাস) — রাজশেখর বসু কৃত অনুবাদ

মডিউল-২ : নাটক ১৩ + ৩ = ১৬

আধা আধুরে (মোহন রাকেশ)— প্রতিভা অগ্রবাল ও শমীক বন্দ্যোপাধ্যায় কৃত অনুবাদ

মডিউল-৩ : উপন্যাস ১৩ + ৩ = ১৬

চিংড়ি (তাকাযি শিবশঙ্কর পিল্লাই)— বোম্মানা বিশ্বনাথম ও নিলীনা আব্রাহাম কৃত অনুবাদ

[এক বছরের স্নাতকোত্তর প্রোগ্রামে যারা অংশগ্রহণ করবে তাদের দুটি সেমেস্টারের প্রত্যেকটিতে দুটি করে CC, দুটি করে DCEC, একটি করে RW পড়তে হবে। প্রত্যেকটি কোর্সের ক্রেডিট চার।]

## BNG511

### বাংলা ছোটগল্প (৪০ + ১০ = ৫০)

উদ্দেশ্য : রবীন্দ্র-পরবর্তী বাংলা ছোটগল্পের বিকাশ, গতিপ্রকৃতি এবং বৈচিত্র্যের সঙ্গে পরিচয় করিয়ে দেওয়াই এই কোর্সের উদ্দেশ্য

মডিউল-১ — ১৩ + ৩ = ১৬

ক. প্রেমেন্দ্র মিত্রের শ্রেষ্ঠ গল্প
(পাঠ্য গল্পসমূহ : সংসার সীমান্তে, তেলেনাপোতা আবিষ্কার, সাগর সঙ্গম, স্টোভ)

খ. তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায় শ্রেষ্ঠ/বাছাই গল্প
(পাঠ্য গল্পসমূহ : নারী ও নাগিনী, ডাইনী, অগ্রদানী, তারিণী মাঝি)

মডিউল-২ — ১৩ + ৩ = ১৬

ক. মানিক বন্দ্যোপাধ্যায়ের শ্রেষ্ঠ/বাছাই গল্প
(পাঠ্য গল্পসমূহ : দুঃশাসনীয়, সরীসৃপ, শিল্পী, ছোট বকুলপুরের যাত্রী)

খ. সোমেন চন্দের গল্প
(পাঠ্য গল্পসমূহ : সংকেত, দাঙ্গা, ইঁদুর, বনস্পতি)

মডিউল-৩ — ১৪ + ৪ = ১৮

ক. জ্যোতিরিন্দ্র নন্দীর শ্রেষ্ঠ/বাছাই গল্প
(পাঠ্য গল্পসমূহ : নদী ও নারী, সমুদ্র, মঙ্গলগ্রহ, গিরগিটি)

খ. বিমল করের শ্রেষ্ঠ/বাছাই গল্প
(পাঠ্য গল্পসমূহ : বরফ সাহেবের মেয়ে, জননী, আত্মজা, সুধাময়)

## BNG512

### রবীন্দ্রসাহিত্য-২ (৪০ + ১০ = ৫০)

উদ্দেশ্য : এই কোর্সে রবীন্দ্রনাথের কবিতা, উপন্যাস এবং নানামুখী চিন্তার সঙ্গে পড়ুয়াদের বিস্তারিত পরিচয় ঘটবে।

মডিউল-১ — ১৩ + ৩ = ১৬

রবীন্দ্রনাথের নির্বাচিত কবিতা ও গান—

নিষ্ফল কামনা (মানসী), মানসসুন্দরী (সোনার তরী), দুঃসময়, অসময় (কল্পনা), বোঝাপড়া (ক্ষণিকা), নৈবেদ্য কাব্যের ৩০ সংখ্যক, গীতাঞ্জলি কাব্যের ৩, ২১, ১০১ সংখ্যক, গীতিমাল্য কাব্যের ২২, ২৩, ৩৪ সংখ্যক, গীতালি কাব্যের ৯৯ সংখ্যক, বলাকা কাব্যের ৩৭ সংখ্যক, লীলাসঙ্গিনী (পূরবী), সবলা (মহুয়া), শিশুতীর্থ (পুনশ্চ), শেষ সপ্তক কাব্যের তেতাল্লিশ সংখ্যক, পত্রপুট কাব্যের পনেরো সংখ্যক, জন্মদিন (প্রথমটি, সেঁজুতি), আরোগ্য কাব্যের ৩৩ সংখ্যক, জন্মদিনে কাব্যের ১০ সংখ্যক কবিতা।

মডিউল-২ — ১৩ + ৩ = ১৬

উপন্যাস— চতুরঙ্গ

মডিউল-৩ — ১৪ + ৪ = ১৮

গদ্য/প্রবন্ধ— ছন্দের প্রকৃতি (ছন্দ), নরনারী (পঞ্চভূত) সভ্যতার সংকট (কালান্তর), বিদ্যাসাগর চরিত (চারিত্র পূজা), পাগল (বিচিত্র প্রবন্ধ), ছাত্র সম্ভাষণ (শিক্ষা) ভূমিলক্ষ্মী (পল্লীপ্রকৃতি), ভারতবর্ষে ইতিহাসের ধারা (পরিচয়), পথ ও পাথেয় (রাজা ও প্রজা)।

# BNG521

## বাংলা প্রবন্ধ ও সমালোচনা সাহিত্য (৪০ + ১০ = ৫০)

**উদ্দেশ্য :** উনিশ ও বিশ শতকের বাঙালির চিন্তা-চেতনা ও মননচর্চার সঙ্গে পড়ুয়াদের পরিচয় করিয়ে দেওয়াই এই কোর্সের লক্ষ্য।

মডিউল-১ ১৪ + ৪ = ১৮

নিচের প্রবন্ধগুলির মধ্যে যে-কোনো **চারটি** পড়তে হবে।

বাহ্যবস্তুর সহিত মানব প্রকৃতির সম্বন্ধ বিচার (নির্বাচিত অংশ)— অক্ষয়কুমার দত্ত; বাল্যবিবাহের দোষ—ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর; বঙ্গদেশের কৃষক (১ম পরিচ্ছেদ)— বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়; জাতিভেদের কুফল—শিবনাথ শাস্ত্রী; হিন্দু মহিলাগণের হীনাবস্থা—কৈলাসবাসিনী দেবী; স্বদেশীয় ভাষানুশীলন— রাজনারায়ণ বসু; সৎ প্রসঙ্গ— মীর মশার্‌রফ হোসেন; জাতীয় ভাব সম্বর্ধনের পথ— ভূদেব মুখোপাধ্যায়; সুখ না দুঃখ— রামেন্দ্রসুন্দর ত্রিবেদী।

মডিউল-২ ১৩ + ৩ = ১৬

নিচের প্রবন্ধগুলির যে-কোনো **চারটি** পড়তে হবে।

বস্তুতন্ত্রতা বস্তু কী— প্রমথ চৌধুরী; বর্তমান ভারতে নূতন কর্মীর আবশ্যক—ভূপেন্দ্রনাথ দত্ত; ছন্দোমুক্তি ও রবীন্দ্রনাথ— সুধীন্দ্রনাথ দত্ত; সাহিত্যের রাজনীতি—সরোজ আচার্য; সবই ব্যাদে আছে— মেঘনাদ সাহা; আধুনিক কাব্যের সমস্যা : বিশ্বাস— আবু সয়ীদ আইয়ুব; সাহিত্যবিচারে মার্কসবাদ— নীরেন্দ্রনাথ রায়; বাংলা ভাষা ও সাহিত্যের ভবিষ্যৎ— জীবনানন্দ দাশ।

মডিউল-৩ ১৩ + ৩ = ১৬

নিচের প্রবন্ধগুলির মধ্যে যে-কোনো **চারটি** পড়তে হবে।

বাংলার রেনেসাঁস : রবীন্দ্রনাথ ও বাংলার নবজাগরণ— সুশোভন সরকার; মূল্যবোধ ও সমাজ-ক্রান্তি— অরবিন্দ পোদ্দার; শিল্পচিন্তা— অম্লান দত্ত; আসামের বিপর্যয় ও তার শিক্ষা— বিবেকানন্দ মুখোপাধ্যায়, স্বাধীনতা-পরবর্তী ভারতীয় সাহিত্য—সুনীতিকুমার চট্টোপাধ্যায়; ইংরেজীয়ানা—বিনয় ঘোষ; শব্দের পবিত্র শিখা— শঙ্খ ঘোষ; বিশ্বায়ন ও সাধারণ মানুষের বিপন্নতাবোধ— অমিয়কুমার বাগচী; বাঙালিত্বের সংকট— হাসান আজিজুল হক; ভাবনার কথা—সুধীর চক্রবর্তী; সহস্রাব্দের শরণার্থী—উজ্জ্বল রায়।

# BNG522

## প্রাচ্য ও পাশ্চাত্য সাহিত্যতত্ত্ব ও সাহিত্য সমালোচনা পদ্ধতি (৪০ + ১০ = ৫০)

**উদ্দেশ্য :** সাহিত্যের তত্ত্বগত দিক সম্বন্ধে অবহিত করানোই এই কোর্সের উদ্দেশ্য। সেইসঙ্গে সাহিত্যের আধুনিক সমালোচনা পদ্ধতিগুলি সম্পর্কেও ধারণা পাবে পড়ুয়ারা।

মডিউল-১ ১৪ + ৪ = ১৮

**ভারতীয় সাহিত্যতত্ত্ব**— অলঙ্কারবাদ, গুণবাদ, রীতিবাদ, বক্রোক্তিবাদ, ঔচিত্যবাদ, ধ্বনিবাদ, রসবাদ ও দলিত সাহিত্যতত্ত্ব

মডিউল-২ ১৩ + ৩ = ১৬

**পাশ্চাত্য সাহিত্যতত্ত্ব**— ট্র্যাজেডিতত্ত্ব, কল্পনাতত্ত্ব, প্রকাশতত্ত্ব, অস্তিত্ববাদ ও অ্যাবসার্ডবাদ, চিহ্নবিজ্ঞান ও তাৎপর্যবিজ্ঞান ও মার্কসবাদী সাহিত্যতত্ত্ব

মডিউল-৩ ১৩ + ৩ = ১৬

**পাশ্চাত্য সমালোচনা পদ্ধতি**— পরম্পরাগত বিচার পদ্ধতি (নৈতিক-দার্শনিক, ঐতিহাসিক, লেখক জীবনীভিত্তিক, তুলনামূলক), বাস্তববাদী বিচার পদ্ধতি (বাস্তববাদ, যথাস্থিতবাদ, পরাবাস্তববাদ, সমাজতান্ত্রিক বাস্তববাদ ও জাদু-বাস্তববাদ), সাহিত্যের রূপবাদী বিচার পদ্ধতি, অবয়ববাদী এবং উত্তর-অবয়ববাদী বিচার পদ্ধতি, নারীচেতনামূলক বিচার পদ্ধতি, সংস্কৃতি বিশ্লেষণমূলক বিচার পদ্ধতি

# Discipline Centric Elective Course (DCEC)

স্নাতকোত্তর বাংলা প্রোগ্রামে DCEC পর্যায়ে শিক্ষার্থীদের মোট চারটি কোর্স (দুই বছরের স্নাতকোত্তর পাঠক্রমের তৃতীয় এবং চতুর্থ সেমেস্টারের প্রত্যেকটিতে দুটি করে এবং একবছরের স্নাতকোত্তর পাঠক্রমের প্রথম ও দ্বিতীয় সেমেস্টারের প্রত্যেকটিতে দুটি করে) পড়তে হবে। প্রত্যেকটি কোর্সের ক্রেডিট চার। DCEC-পর্যায়ে পড়ুয়াদের নির্বাচনের জন্য মোট সাতটি বিকল্প রয়েছে। বিকল্পগুলিকে A, B, C, D, E, F এবং G হিসেবে চিহ্নিত করা হয়েছে। প্রত্যেকটি বিকল্পের চারটি করে কোর্স রয়েছে। একজন পড়ুয়া যে-বিকল্পটি গ্রহণ করবে, সেটির প্রথম দুটি কোর্স তৃতীয় সেমেস্টারে/প্রথম সেমেস্টারে এবং শেষের দুটি চতুর্থ সেমেস্টারে/দ্বিতীয় সেমেস্টারে পড়বে। ৪ ক্রেডিটের ১টি কোর্সের জন্য সপ্তাহে কমপক্ষে ৪ ঘন্টার (১ ঘন্টা করে ৪টি) ক্লাস করতে হবে।

## BNG513A

### প্রাগাধুনিক বাংলা সাহিত্য (৪০ + ১০ = ৫০)

উদ্দেশ্য : মধ্যযুগের অনুবাদ সাহিত্যের সমৃদ্ধ ধারাটির সঙ্গে পড়ুয়াদের পরিচয় করিয়ে দেওয়াই এই কোর্সের উদ্দেশ্য।

মডিউল-১ — ১৪ + ৪ = ১৮

রামায়ণ— কৃত্তিবাস ওঝা (আদি, অরণ্য ও লঙ্কাকাণ্ড)
(হরেকৃষ্ণ মুখোপাধ্যায় সম্পাদিত ও সাহিত্য সংসদ প্রকাশিত)
অথবা
চন্দ্রাবতীর রামায়ণ (ক্ষিতীশচন্দ্র মৌলিক/দীনেশচন্দ্র সেন সম্পাদিত)

মডিউল-২ — ১৩ + ৩ = ১৬

মহাভারত— কাশীরাম দাস (আদি, সভা ও বনপর্ব)
(দেবনাথ বন্দ্যোপাধ্যায় সম্পাদিত ও সাহিত্য সংসদ প্রকাশিত)
অথবা
শ্রীকৃষ্ণবিজয় (খগেন্দ্রনাথ মিত্র সম্পাদিত, ক.বি. প্রকাশিত)

মডিউল-৩ — ১৩ + ৩ = ১৬

লোরচন্দ্রানী ও সতীময়না— দৌলত কাজী
(দেবনাথ বন্দ্যোপাধ্যায় সম্পাদিত ও সাহিত্য সংসদ প্রকাশিত)
অথবা
পদ্মাবতী— সৈয়দ আলাওল
(দেবনাথ বন্দ্যোপাধ্যায় সম্পাদিত ও সাহিত্য সংসদ প্রকাশিত)

# BNG514A

## প্রাগাধুনিক বাংলা সাহিত্য (৪০ + ১০ = ৫০)

উদ্দেশ্য : প্রাগাধুনিক বাংলা সাহিত্যের বিভিন্ন আঙ্গিক ও রীতি সম্পর্কে পড়ুয়াদের ধারণা দেওয়ার পাশাপাশি বাংলা বৈষ্ণব সাহিত্য ও তত্ত্বের বিস্তারিত পরিচয় দেওয়াই এই কোর্সের উদ্দেশ্য।

মডিউল-১ ১৪ + ৪ = ১৮

পাঁচশত বৎসরের পদাবলী (বিমানবিহারী মজুমদার সম্পাদিত)

মডিউল-২ ১৩ + ৩ = ১৬

প্রাগাধুনিক সাহিত্যের রীতি ও আঙ্গিক (বারোমাস্যা, চৌতিশা, পদাবলী, পাঁচালি, নাটগীত, লাচাড়ি, টপ্পা, আখড়াই ইত্যাদি)।

মডিউল-৩ ১৩ + ৩ = ১৬

ভক্তিরত্নাকর— নরহরি চক্রবর্তী (১ম, ৩য়, ৬ষ্ঠ, ৭ম তরঙ্গ) (শ্রীরূপ ভাগবত মহারাজ সম্পাদিত ও গৌড়ীয় মিশন প্রকাশিত)

# BNG523A

## প্রাগাধুনিক বাংলা সাহিত্য (৪০ + ১০ = ৫০)

উদ্দেশ্য : এই কোর্সে বাংলা মঙ্গলকাব্যের সঙ্গে বিস্তারিত পরিচয় করিয়ে দেওয়াই উদ্দেশ্য।

মডিউল-১ ১৪ + ৪ = ১৮

চণ্ডীমঙ্গল (বণিক খণ্ড)— কবিকঙ্কণ মুকুন্দ (সুকুমার সেন সম্পাদিত ও সাহিত্য আকাদেমি প্রকাশিত)

মডিউল-২ ১৩ + ৩ = ১৬

মনসামঙ্গল— কেতকাদাস ক্ষেমানন্দ (অক্ষয়কুমার কয়াল ও চিত্রা দেব সম্পাদিত)

মডিউল-৩ ১৩ + ৩ = ১৬

ধর্মমঙ্গল— ঘনরাম চক্রবর্তী (পীযূষকান্তি মহাপাত্র সম্পাদিত ও ক.বি. প্রকাশিত)

অথবা

শিবায়ন— রামেশ্বর ভট্টাচার্য (পঞ্চানন চক্রবর্তী সম্পাদিত ও বঙ্গীয় সাহিত্য পরিষৎ প্রকাশিত)

# BNG524A

## প্রাগাধুনিক বাংলা সাহিত্য (৪০ + ১০ = ৫০)

উদ্দেশ্য : প্রাগাধুনিক সাহিত্যের চর্চা করতে গেলে পুথি সম্পর্কে অল্পবিস্তর ধারণা আবশ্যক। এই কোর্সে সেই সংক্রান্ত ধারণা পাওয়ার পাশাপাশি পড়ুয়ারা চৈতন্য-জীবন এবং আধুনিক বাংলা সাহিত্যে প্রাগাধুনিক সাহিত্যের উত্তরাধিকার সম্পর্কে জানতে পারবে।

মডিউল-১ ১৪ + ৪ = ১৮

প্রাচীন পুথিচর্চা (পুথিরর উপকরণ, পুথির লিপি, তোলাপাঠ, পুথির চিহ্ন, পুষ্পিকা, লিপিকর, পুথির পাঠনির্ণয়, পুথির কাল নির্ণয়, পুথি সম্পাদনা)

মডিউল-২ ১৩ + ৩ = ১৬

শ্রীচৈতন্যচরিতামৃত (আদিলীলার চতুর্থ, মধ্যলীলার অষ্টম ও অন্ত্যলীলার উনবিংশ পরিচ্ছেদ)— কৃষ্ণদাস কবিরাজ।

মডিউল-৩ ১৩ + ৩ = ১৬

আধুনিক সাহিত্যে প্রাগাধুনিক বাংলা সাহিত্যের উত্তরাধিকার (কাব্য, নাটক, কথাসাহিত্য)।

## BNG513B

### লোকসংস্কৃতি ও লোকসাহিত্য (৪০ + ১০ = ৫০)

**উদ্দেশ্য :** এই কোর্সের মাধ্যমে লোকসংস্কৃতি ও লোকসাহিত্য বিষয়ে তাত্ত্বিক ধারণার পাশাপাশি লোকসংস্কৃতি চর্চায় বিভিন্ন ব্যক্তি ও প্রতিষ্ঠানের ভূমিকা সম্পর্কে জানতে পারবে পড়ুয়ারা।

**মডিউল-১** ১৪ + ৪ = ১৮

সংস্কৃতির বিবর্তন— মর্গ্যানের তত্ত্ব— আদিম সংস্কৃতি— আদিবাসী সংস্কৃতি— লোকায়ত সংস্কৃতি— নাগরিক সংস্কৃতি— জন বা গণ সংস্কৃতি— লোকসাহিত্য : সংজ্ঞা ও স্বরূপ, শ্রেণিবিভাগ, অনুশীলন পদ্ধতি ও প্রতিশব্দ।

**মডিউল-২** ১৩ + ৩ = ১৬

বাংলায় লোকসংস্কৃতি ও লোকসাহিত্য চর্চার স্বরূপ ও গতিপ্রকৃতি

কলিকাতা বিশ্ববিদ্যালয়ের ভূমিকা, ব্রতচারী (গুরুসদয় দত্ত) সংগঠনের ভূমিকা, লোকসংস্কৃতি বিষয়ক বিভিন্ন পত্রপত্রিকার ভূমিকা (সৌরভ, লোকশ্রুতি, কৌশিকী, লোকসংস্কৃতি গবেষণা ইত্যাদি), বাংলার অগ্রণী লোকসংস্কৃতিবিদ (লালবিহারী দে, রবীন্দ্রনাথ ঠাকুর, অবনীন্দ্রনাথ ঠাকুর, দক্ষিণারঞ্জন মিত্র মজুমদার, দীনেশচন্দ্র সেন, আশুতোষ ভট্টাচার্য, বিনয় ঘোষ, অরুণকুমার রায়), লোকসংস্কৃতি চর্চায় বিভিন্ন প্রতিষ্ঠান (আদিবাসী সংস্কৃতি কেন্দ্র, একাডেমী অফ ফোকলোর ইত্যাদি)।

**মডিউল-৩** ১৩ + ৩ = ১৬

সাংস্কৃতিক নৃতত্ত্ব : সর্বপ্রাণবাদ, আত্মা, মিথ, কুলপ্রতীক, নিষেধ, ধর্ম, জাদু-বিশ্বাস, মান্যা।

## BNG514B

### লোকসংস্কৃতি ও লোকসাহিত্য (৪০ + ১০ = ৫০)

**উদ্দেশ্য :** লোকসাহিত্য ও সংস্কৃতির বিস্তারিত পাঠ এবং দুই বাংলায় লোকসংস্কৃতি চর্চার গতিপ্রকৃতি বিষয়ে জানানোই এই কোর্সের উদ্দেশ্য।

**মডিউল-১** ১৪ + ৪ = ১৮

ছড়া ও ধাঁধা।

**মডিউল-২** ১৩ + ৩ = ১৬

কথা, প্রবাদ ও কিংবদন্তী।

**মডিউল-৩** ১৩ + ৩ = ১৬

বাংলার জনজাতি ও তাদের লোকসংস্কৃতি।

# BNG523B

## লোকসংস্কৃতি ও লোকসাহিত্য (৪০ + ১০ = ৫০)

**উদ্দেশ্য :** এই কোর্সে বাংলার বিভিন্ন প্রান্তে প্রচলিত লোকনাট্য, লোকগীতি ও বিভিন্ন ব্রত সম্পর্কে পড়ুয়ারা বিস্তারিত জানতে পারবে।

মডিউল-১ — ১৪ + ৪ = ১৮

লোকনাট্য : গম্ভীরা, মুখাপালা, গাজন, চোর-চুরনি, বনবিবির পালা, আলকাপ।

মডিউল-২ — ১৩ + ৩ = ১৬

লোকগীতি : ভাওয়াইয়া, ঝুমুর, ভাটিয়ালি।

মডিউল-৩ — ১৩ + ৩ = ১৬

ব্রত : ভাদু, তুষু, বারমাসী।

# BNG524B

## লোকসংস্কৃতি ও লোকসাহিত্য (৪০ + ১০ = ৫০)

**উদ্দেশ্য :** এই কোর্সে প্রাচীন পূর্ববঙ্গ-গীতিকা এবং বাংলার বিভিন্ন অঞ্চলের বিচিত্র স্বাদের যে লোককাব্য ও সংগীত প্রচলিত তার সঙ্গে পড়ুয়াদের পরিচয় ঘটবে। একইসাথে এই কোর্সে রবীন্দ্রনাথের লোকসাহিত্য চর্চা ও বহির্বঙ্গের লোকসংস্কৃতি বিষয়েও পড়ুয়ারা অবহিত হবে।

মডিউল-১ — ১৪ + ৪ = ১৮

জনপদাবলী (সুধীর চক্রবর্তী সম্পাদিত ও বাংলা আকাদেমি প্রকাশিত)

নির্বাচিত পদসমূহ : আফাজুদ্দিন— বলতে পার মানুষ তুমি, আশানন্দ গোঁসাই— যে তোরে করেছে সৃষ্টি, কুবির গোঁসাই— আছে বারি পয়দা করি, একের সৃষ্টি সব পারি না; খোদা বক্শ্ শাহ— জাতির নামে বজ্জাতি সব; গোবিন্দ দাস— ফকির সেজে ফিকির কর; গোলোক দাস— ডাকলে যারে দেয় না সাড়া; জালালউদ্দিন— মানুষ থুইয়া খোদা ভজ, বিচার করলে নাইরে বিভেদ; দীন শরৎ— মানুষ হইতে কজন পারে; পাঞ্জু শাহ— জেতের বড়াই কি; ফিকিরচাঁদ— সবে হচ্ছে পার এক খেয়ায়; লালন শাহ— এমন মানবজনম আর কী হবে, ভক্তের দ্বারে বাঁধা আছেন সাঁই; শেখ সামিউল— এই ভারতের সন্তান মোরা; হাসন রাজা— বিচার কর চাইয়া দেখি)

মডিউল-২ — ১৩ + ৩ = ১৬

আধুনিক বাংলা সাহিত্যে লোকসাহিত্য ও লোকসংস্কৃতির পরিগ্রহণ।

মডিউল-৩ — ১৩ + ৩ = ১৬

লোকসংস্কৃতি ও লোকসাহিত্য চর্চায় রবীন্দ্রনাথ ঠাকুর

অথবা

বহির্বঙ্গের লোকসংস্কৃতি (আসাম, ঝাড়খণ্ড, ত্রিপুরা)

# BNG513C

## আধুনিক কাব্য-কবিতা (৪০ + ১০ = ৫০)

**উদ্দেশ্য :** এই কোর্সে কবিতার বিবর্তনের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ কিছু কাব্য-আন্দোলন সম্পর্কে অবহিত হওয়ার পাশাপাশি আধুনিক বাংলা কাব্যের প্রাথমিক পর্যায়ে গতিপ্রকৃতি সম্পর্কে পড়ুয়ারা পরিচিত হবে।

**মডিউল-১** ১৪ + ৪ = ১৮

কাব্য আন্দোলন— নিও ক্লাসিসিজম্, রোম্যান্টিসিজম্, সিম্বলিজম্, ইমেজিজম্, সুর্‌রিয়ালিজম্, অ্যান্টি-পোয়েট্রি, হাংরি ও শাস্ত্রবিরোধী আন্দোলন, উত্তর-আধুনিকতাবাদ।

**মডিউল-২** ১৩ + ৩ = ১৬

নবীনচন্দ্র সেন— পলাশীর যুদ্ধ/দ্বিজেন্দ্রনাথ ঠাকুর— স্বপ্ন প্রয়াণ/অক্ষয়কুমার বড়াল— এষা

**মডিউল-৩** ১৩ + ৩ = ১৬

রবীন্দ্রানুসারী কবিদের কবিতা :

ক. সত্যেন্দ্রনাথ দত্ত— চম্পা, জাতির পাঁতি, সেবাসাম, পাল্কীর গান।

খ. যতীন্দ্রমোহন বাগচী— কেয়াফুল, অন্ধবধূ, দুর্যোধন, সন্ধ্যামণি।

গ. কালিদাস রায়— রাখালরাজ, লুকোচুরি, টবের গাছ, বাংলার দীঘি।

ঘ. করুণানিধান বন্দ্যোপাধ্যায়— বর্ষায়, শেফালী, তন্দ্রাপথে, ত্রিকূটে।

অথবা

যতীন্দ্রনাথ সেনগুপ্তের কবিতা

নির্বাচিত কবিতা— ঘুমের ঘোরে, দুঃখবাদী, বাইশে শ্রাবণ, বেদেনী, মন্ত্রহীন, কচি ডাব, ভাঙ্গাগড়া, কেতকী, নবান্ন, সমাধান, নব নিদাঘ, হাট, দেশোদ্ধার, সুখবাদী

# BNG514C

## আধুনিক কাব্য কবিতা (৪০ + ১০ = ৫০)

**উদ্দেশ্য :** এই কোর্সে রবীন্দ্রোত্তর আধুনিক কাব্যের প্রতিনিধিস্থানীয় কয়েকজন কবির সঙ্গে পড়ুয়াদের পরিচয় হবে।

**মডিউল-১** ১৪ + ৪ = ১৮

**সুধীন্দ্রনাথ দত্তের কবিতা**

নির্বাচিত কবিতা— বাক্য, কস্মৈ দেবায়, শাশ্বতী, প্রার্থনা, জাতিস্মর, দুঃসময়, উটপাখি, নান্দীমুখ, সংবর্ত, উজ্জীবন, জেসন, যযাতি, প্রতীক্ষা, নষ্টনীড়।

**মডিউল-২** ১৩ + ৩ = ১৬

**প্রেমেন্দ্র মিত্রের কবিতা**

নির্বাচিত কবিতা— বেনামী বন্দর, আমি কবি যত কামারের, মানে, কাঠের সিঁড়ি, বাঘের কপিশ চোখে, নীলকণ্ঠ, ফেরারী ফৌজ, সাগর থেকে ফেরা, শিকার, হরিণ চিতা চিল, তির্যক, মুখ, লেনিন, উনিশশো সত্তর।

অথবা

**বুদ্ধদেব বসুর কবিতা**

নির্বাচিত কবিতা— বন্দীর বন্দনা, আর কিছু নাহি সাধ, কঙ্কাবতী, পাণ্ডুলিপি, চিল্কায় সকাল, ব্যাঙ, দময়ন্তী, মৃত্যুর পরে জন্মের আগে, শীত রাত্রির প্রার্থনা, সমর্পণ, রাত তিনটের সনেট : ১, রবীন্দ্রনাথ, মাছধরা, সন্ধিলগ্ন।

**মডিউল-৩** ১৩ + ৩ = ১৬

**অমিয় চক্রবর্তীর কবিতা**

নির্বাচিত কবিতা— সমুদ্র, বৃষ্টি, চেতন স্যাকরা, প্রবাসী, কোথায় চলেছ পৃথিবী, সংগতি, আয়না, বৈদান্তিক, ফ্রাইবুর্গের পথে, Zen-ধরনে, সান্টামারিয়া দ্বীপে, দ্বীপান্তরে, সোয়াইটজারের মহাপ্রয়াণে, হারানো অর্কিড।

# BNG523C

## আধুনিক কাব্য-কবিতা (৪০ + ১০ = ৫০)

উদ্দেশ্য : এই কোর্সেও রবীন্দ্রোত্তর আধুনিক কাব্যের প্রতিনিধিস্থানীয় আরও কয়েকজন কবির সঙ্গে পড়ুয়াদের পরিচয় হবে।

মডিউল-১ — ১৪ + ৪ = ১৮

**বিষ্ণু দে'র কবিতা**

নির্বাচিত কবিতা— উর্বশী, ঘোড়সওয়ার, বেকার বিহঙ্গ, ক্রেসিড়া, পদধ্বনি, সাত ভাই চম্পা, মৌভোগ, জল দাও, ভিলানেল, ক্লান্তি নেই, পঁচিশে বৈশাখ, ভাষা, স্মৃতি সত্তা ভবিষ্যত, প্রাকৃত কবিতা।

মডিউল-২ — ১৩ + ৩ = ১৬

**সুভাষ মুখোপাধ্যায়ের কবিতা**

নির্বাচিত কবিতা— মে দিনের গান, রোমান্টিক, নব যুগের গান, মিছিলের মুখ, একটি কবিতার জন্যে, সুন্দর, ফুল ফুটুক, যেতে যেতে, লোকটা জানালই না, যত দূরই যাই, কেন এলো না, মেজাজ, মুখুজ্যের সঙ্গে আলাপ, একটু পা চালিয়ে ভাই, ধর্মের কল।

অথবা

**সুকান্ত ভট্টাচার্যের কবিতা**

নির্বাচিত কবিতা— আগামী, রবীন্দ্রনাথের প্রতি, খবর, সিঁড়ি, লেনিন, কাশ্মীর, বিবৃতি, মধ্যবিত্ত '৪২, সেপ্টেম্বর '৪৬, ঐতিহাসিক, রানার, ফসলের ডাক : ১৩৫১, প্রিয়তমাসু, মণিপুর, মহাত্মাজীর প্রতি, রৌদ্রের গান, মৃত পৃথিবী, হে মহাজীবন।

মডিউল-৩ — ১৩ + ৩ = ১৬

**অরুণ মিত্রের কবিতা**

নির্বাচিত কবিতা— লাল ইস্তাহার, অমরতার কথা, আর এক আরম্ভের জন্য, বাড়ি, মুখোশ খুলে রেখেছি, শুধু রাতের শব্দ নয়, যে এসেছে, কামিলার সময়ের ভিতরে, আগুনের কথা আমি..., ডাকছি, মাটি আঁকড়ে, আরম্ভের দিকে, ওড়াউড়িতে নয়, দিকভ্রম।

অথবা

**নীরেন্দ্রনাথ চক্রবর্তীর কবিতা**

নির্বাচিত কবিতা— এশিয়া, পূর্বরাগ, অমলকান্তি, সহোদর, মৌলিক, নিষাদ, স্বর্গের পুতুল, বাতাসি, নিজের কাছে প্রতিশ্রুতি, কলকাতার যিশু, উলঙ্গ রাজা, কলঘরে, চিলের কান্না, শব্দে শব্দে টেরাকোটা, একদিন এইসব হবে, তাই, পাগলা ঘন্টি।

# BNG524C

## আধুনিক কাব্য-কবিতা (৪০ + ১০ = ৫০)

উদ্দেশ্য : এই কোর্সে স্বাধীনতা-পরবর্তী কয়েকজন প্রতিনিধিস্থানীয় কবি (বাংলাদেশ ও উত্তর-পূর্বাঞ্চলের কয়েকজন কবিসহ) সঙ্গে পড়ুয়াদের পরিচয় হবে।

মডিউল-১ ১৪ + ৪ = ১৮

**বাংলাদেশ ও উত্তর-পূর্বাঞ্চলের কবিতা**

নির্বাচিত কবিতা— জসীমুদ্দিন— উড়ানীর চর; সৈয়দ আলি আহসান—আমার পূর্ব-বাংলা : তিন; আবদুল গণি হাজারী—তীর্থযাত্রীর স্বগতোক্তি; শামসুর রাহমান— বর্ণমালা, আমার দুঃখিনী বর্ণমালা, একটি কবিতার জন্য; সৈয়দ শামসুল হক— গেরিলা; জিয়া হায়দার— লখিন্দর; আল মাহমুদ— বাতাসের ফেনা, গ্রামে; হায়াৎ মামুদ— অন্ধকার অন্ধকার; শহীদ কাদরী— শীতের বাতাস; রফিক আজাদ— ভাত দে হারামজাদা; মোহম্মদ রফিক— কীর্তিনাশা; নির্মলেন্দু গুণ— মানুষ; অনিল সরকার (ত্রিপুরা)— একুশে ফেব্রুয়ারি; শক্তিপদ ব্রহ্মচারী (বরাক উপত্যকা)— সন্ন্যাসের আগে পরে।

মডিউল-২ ১৩ + ৩ = ১৬

**কবিতা সিংহের কবিতা**

নির্বাচিত কবিতা— অপমানের জন্য ফিরে আসি, জ্যোৎস্না, জলের পুতুল, নিসর্গ, শেষ দুয়ারের নাম, ঈশ্বরকে ইভ, আজীবন পাথর-প্রতিমা, না, ভানুমতীর দুপুর, রাত্রি আমার কবিতা, সহজ সুন্দরী, শাপ, হরিণাবৈরী, ডাক দিই জন্মজা-কে।

মডিউল-৩ ১৩ + ৩ = ১৬

**শক্তি চট্টোপাধ্যায়ের কবিতা**

নির্বাচিত কবিতা— চতুরঙ্গ, পাবো প্রেম কান পেতে রেখে, এবার হয়েছে সন্ধ্যা, অবনি বাড়ি আছো, স্বেচ্ছাচারী, আনন্দভৈরব, চাবি, সে বড় সুখের সময় নয়, সে বড় আনন্দের সময় নয়, হেমন্তের অরণ্যে আমি পোস্টম্যান, একবার তুমি, এপিটাফ, কথা বলছে না, জঙ্গলের মধ্যে ঘর ঈশ্বর গড়েন, যদি পারো দুঃখ দাও।

অথবা

**অলোকরঞ্জন দাশগুপ্তের কবিতা**

নির্বাচিত কবিতা— নির্জন দিনপঞ্জি, উদাসীন মেঘে মেঘে, বুদ্ধপূর্ণিমার রাত্রে, একটি কথার মৃত্যুবার্ষিকীতে, যে রাখাল দূরদেশী, বন্ধুরা বিদ্রূপ করে, আমাকে তবু অবিশ্বাসী হতে বোলো না, রক্তাক্ত ঝরোখা, কোঙ্কনি ভাষা বলেছিল পাখি, কি বলতে হবে কি করে বলতে হবে, এক একটা দিন, আয়ুকর, কসাইয়ের হাতে, বুদ্ধপূর্ণিমার রাত্রে : দ্বিতীয় পর্যায়, ড্যামোক্লেসের ছোরা।

অথবা

**শঙ্খ ঘোষের কবিতা**

নির্বাচিত কবিতা— দিনগুলি রাতগুলি, পিলসুজ, শিশুসূর্য, স্বদেশ স্বদেশ করিস কারে, যমুনাবতী, বিপুলা পৃথিবী, মুহূর্তের মুখ, সঙ্ঘ, ভিখারী বানাও কিন্তু তুমি তো তেমন গৌরী নও, আরুণি উদ্দালক, বিকেলবেলা, বাবুমশাই, বৃষ্টি, ধ্বংস করো ধ্বজা, আপাতত শান্তিকল্যাণ।

## BNG513D

### কথাসাহিত্য (৪০ + ১০ = ৫০)

**উদ্দেশ্য :** এই কোর্সে উপন্যাসের উদ্ভব, গঠন বৈশিষ্ট্য এবং রূপভেদ তাত্ত্বিক ধারণা পাওয়ার পাশাপাশি পড়ুয়ারা বাংলা উপন্যাসের উদ্ভব ও গতিপ্রকৃতি সম্পর্কে জানতে পারবে।

**মডিউল-১** — ১৪ + ৪ = ১৮

বাংলা উপন্যাসের উদ্ভব ও গতিপ্রকৃতি (দেশকালের বিবর্তনের প্রেক্ষিতে উপন্যাস সম্পর্কিত সাধারণ আলোচনা)।

**মডিউল-২** — ১৩ + ৩ = ১৬

উপন্যাসের উদ্ভব, গঠন বৈশিষ্ট্য এবং রূপভেদ—

উপন্যাসের উদ্ভব, বুর্জোয়া সমাজের মহাকাব্য, ব্যক্তিস্বাতন্ত্র্যবাদের ভূমিকা।

উপন্যাসের প্লট; দৃষ্টিকোণ বা কথনরীতি বা প্রেক্ষণবিন্দু (Point of view)— সর্বজ্ঞ কথনরীতি, মধ্যমপুরুষ কথনরীতি, আত্মকথনরীতি, চরিত্র (টাইপ ও ইন্ডিভিজুয়াল, রাউন্ড ও ফ্ল্যাট), সময়বিন্যাস, পটভূমি ও প্রতিবেশ (Setting & Millieu); বাস্তবতা-বাস্তববাদী উপন্যাস, প্রকৃতিবাদী উপন্যাস, সমাজতান্ত্রিক বাস্তববাদী উপন্যাস, ভাষাশৈলী।

**মডিউল-৩** — ১৩ + ৩ = ১৬

**উপন্যাস বিচারে আধুনিক তত্ত্ব ও সাম্প্রতিক ধারণা—**

মার্কসীয় বীক্ষা, নারীচেতনাবাদ, উত্তর/নব্য ঔপনিবেশিক তত্ত্ব, উত্তর আধুনিক তত্ত্ব, নিম্নবর্গীয় চেতনা, ম্যাজিক রিয়ালিজম, বাখতিনের তত্ত্ব, দেশজ আঙ্গিক চেতনা।

## BNG514D

### কথাসাহিত্য (৪০ + ১০ = ৫০)

**উদ্দেশ্য :** এই কোর্সে বাংলা কথাসাহিত্যের বৈচিত্র্য সম্পর্কে পড়ুয়াদের অবহিত করানোই উদ্দেশ্য।

**মডিউল-১ : উপন্যাস (যে-কোন একটি পড়তে হবে)।** — ১৪ + ৪ = ১৬

পদ্মরাগ (বেগম রোকেয়া)/ঢোঁড়াই চরিত মানস (সতীনাথ ভাদুড়ী)/একদা (গোপাল হালদার)/উপনিবেশ (নারায়ণ গঙ্গোপাধ্যায়)

**মডিউল-২ : যে-কোন আটটি গল্প পড়তে হবে।** — ১৩ + ৩ = ১৬

জগদীশ গুপ্ত— অরূপের রাস, চন্দ্র সূর্য যতদিন; বিভূতিভূষণ মুখোপাধ্যায়— প্রণয় পরিণাম, হৈমন্তী; বনফুল— নিমগাছ, ছোটলোক; শৈলজানন্দ মুখোপাধ্যায়— কয়লা কুঠি, নারীমেধ; আশালতা সিংহ— সেলাইয়ের কল, মঞ্জরীর বেহায়াপনা; প্রতিভা বসু— বসন্ত জাগ্রত দ্বারে, মুক্তি।

**মডিউল-৩ : বাংলাদেশ ও উত্তর-পূর্বাঞ্চলের গল্প : যে-কোন আটটি গল্প পড়তে হবে।** — ১৩ + ৩ = ১৬

আবু ইসহাক— সাবীল; সৈয়দ ওয়ালীউল্লাহ— একটি তুলসী গাছের কাহিনী; আখতারুজ্জামান ইলিয়াস— কান্না; শওকত ওসমান— সৌদামিনী মালো; হাসান আজিজুল হক— খাঁচা; সেলিনা হোসেন— পরজন্ম; ইমদাদুল হক মিলন— নিরন্নের কাল; অরিজিৎ চৌধুরী— পু ঘোষ; দেবব্রত দেব— বিষকরবী কথা; দুলাল ঘোষ— সমপরিমাণ মাটি; রণবীর পুরকায়স্থ— মোহন দাসের জন্মবৃত্তান্ত।

# BNG523D

## কথাসাহিত্য (৪০ + ১০ = ৫০)

**উদ্দেশ্য :** এই কোর্সে ছোটগল্পের উদ্ভব, গঠন বৈশিষ্ট্য এবং রূপভেদ তাত্ত্বিক ধারণা পাওয়ার পাশাপাশি পড়ুয়ারা বাংলা উপন্যাসের উদ্ভব ও গতিপ্রকৃতি সম্পর্কে জানতে পারবে।

**মডিউল-১** ১৪ + ৪ = ১৮

**বাংলা ছোটগল্পের উদ্ভব ও গতিপ্রকৃতি**
(দেশ-কালের বিবর্তনের প্রেক্ষিতে ছোটগল্প সম্পর্কিত সাধারণ আলোচনা)

**মডিউল-২** ১৩ + ৩ = ১৬

**ছোটগল্পের বিষয় ও রূপ-রীতি**

ছোটগল্পের সংজ্ঞা ও স্বরূপ, ছোটগল্পের উদ্ভব ও বিকাশ, প্রাচীন কাহিনী ও ছোটগল্প, ছোটগল্পের গঠন, ছোটগল্পের শুরু, ছোটগল্পের শেষ, সঙ্কট মুহূর্ত, সঙ্কট শীর্ষ, ছোটগল্প ও কথাসাহিত্যের অন্যান্য সংরূপ— রূপকথা, নীতিকথা, লোককথা, নভেলেট, উপন্যাস, ছোটগল্প ও গীতিকবিতা, ছোটগল্প ও একাঙ্ক নাটক, ম্যাজিক রিয়ালিজম, নতুনরীতি।

**মডিউল-৩ : যে-কোন আটটি গল্প পড়তে হবে।** ১৩ + ৩ = ১৬

সুবোধ ঘোষ— সুন্দরম, পরশুরামের কুঠার; রমাপদ চৌধুরী— দিনকাল, ভারতবর্ষ; সমরেশ বসু— শহিদের মা, উরাতীয়া; নরেন্দ্রনাথ মিত্র— জৈব, রস; মহাশ্বেতা দেবী— দ্রৌপদী, বাঁয়েন; কমলকুমার মজুমদার— নিম অন্নপূর্ণা, গোলাপ সুন্দরী; অসীম রায়— লখিয়ার বাপ, অনি।

# BNG524D

## কথাসাহিত্য (৪০ + ১০ = ৫০)

**উদ্দেশ্য :** এই কোর্সে স্বাধীনতা-পরবর্তী বাংলা কথাসাহিত্যের সঙ্গে পরিচয় করিয়ে দেওয়াই উদ্দেশ্য।

**মডিউল-১ : যে-কোন ১টি উপন্যাস পড়তে হবে** ১৪ + ৪ = ১৮

লোহিতপারের উপকথা (সমর দেব) /চিলে কোঠার সেপাই (আখতারুজ্জামান ইলিয়াস)/ লংতরাই (বিমল সিংহ)

**মডিউল-২ : যে-কোন ১টি উপন্যাস পড়তে হবে** ১৩ + ৩ = ১৬

এপার গঙ্গা ওপার গঙ্গা (জ্যোতির্ময়ী দেবী)/শ্রীচরণেষু মাকে শেষ নমস্কার (সন্তোষকুমার ঘোষ)/অসংলগ্ন কাব্য (অসীম রায়)/মফঃস্বলী বৃত্তান্ত (দেবেশ রায়)

**মডিউল-৩ : যে-কোন আটটি গল্প পড়তে হবে** ১৩ + ৩ = ১৬

সুলেখা সান্যাল— ঘেন্না, ভাঙাঘরের কাব্য; সন্তোষকুমার ঘোষ— কানাকড়ি, জাদুঘর; সৈয়দ মুস্তাফা সিরাজ— রাণী ঘাটের বৃত্তান্ত, জুলেখা; দীপেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়— অশ্বমেধের ঘোড়া, জটায়ু; সুনীল গঙ্গোপাধ্যায়— পলাতক ও অনুসরণকারী, গরমভাত অথবা নিছক ভূতের গল্প; শীর্ষেন্দু মুখোপাধ্যায়— দূরত্ব, ভেলা; অভিজিৎ সেন— চিলানি মায়ের গল্প, চোখে ঘুম নেই, সরোজকুমার রায়চৌধুরী—ওপিঠ, নির্মাল্য বর্মন—দরজায় দাঁড়িয়ে অম্বুজ, শচীন দাস—বিশ্বায়ন ও স্বপন সেন—সাদা রুমাল।

## BNG513E

### নাট্যতত্ত্ব, নাট্যমঞ্চ ও নাটক (৪০ + ১০ = ৫০)

উদ্দেশ্য : এই কোর্সে প্রাচ্য-পাশ্চাত্য নাট্যতত্ত্ব সম্পর্কে ধারণা পাওয়ার পাশাপাশি বাংলা নাটকের বিবর্তন ধারা ও কয়েকটি একাঙ্ক নাটকের সঙ্গে পরিচয় ঘটবে পড়ুয়াদের।

মডিউল-১ — ১৪ + ৪ = ১৮

উনবিংশ ও বিংশ শতাব্দীর আর্থ-সামাজিক, রাজনৈতিক, সাংস্কৃতিক পটভূমি ও আন্দোলন সমূহ এবং বাংলা নাটক।

মডিউল-২ — ১৩ + ৩ = ১৬

বাংলা নাটকের বিচার-বিশ্লেষণে প্রাচ্য-পাশ্চাত্য নাট্যতত্ত্ব ও নাট্যবিচার পদ্ধতির প্রাসঙ্গিকতা।

মডিউল-৩ : একাঙ্ক নাটক — ১৩ + ৩ = ১৬

ক. তাহার নামটি রঞ্জনা (বিধায়ক ভট্টাচার্য)/ যুধিষ্ঠিরের সিদ্ধান্ত (শেখর দেবরায়)।

খ. বিদ্যুৎপর্ণা (মন্মথ রায়)/জ্বালা (ঋত্বিক ঘটক)/ শুকপাখি (চিত্রভানু ভৌমিক)।

## BNG514E

### নাট্যতত্ত্ব, নাট্যমঞ্চ ও নাটক (৪০ + ১০ = ৫০)

উদ্দেশ্য : এই কোর্সে বাংলা নাটকের প্রতিনিধিস্থানীয় কয়েকজন নাটককারের সৃজনকর্মের সঙ্গে পরিচিত হবে পড়ুয়ারা।

মডিউল-১ — ১৪ + ৪ = ১৮

নাটক : কৃষ্ণকুমারী— মধুসূদন দত্ত/সধবার একাদশী—দীনবন্ধু মিত্র।

মডিউল-২ — ১৩ + ৩ = ১৬

নাটক : বিল্বমঙ্গল ঠাকুর— গিরিশচন্দ্র ঘোষ/মেবার পতন— দ্বিজেন্দ্রলাল রায়।

মডিউল-৩ — ১৩ + ৩ = ১৬

নাটক : অলীকবাবু— জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর/ব্যাপিকা বিদায়— অমৃতলাল বসু।

## BNG523E

### নাট্যতত্ত্ব, নাট্যমঞ্চ ও নাটক (৪০ + ১০ = ৫০)

উদ্দেশ্য : বাংলা নাট্যমঞ্চের ইতিহাস আলোচনার পাশাপাশি এই কোর্সে প্রতিনিধিস্থানীয় কয়েকটি বাংলা নাটকের সঙ্গে পড়ুয়াদের পরিচয় হবে।

মডিউল-১ ১৪ + ৪ = ১৮

বাংলা রঙ্গমঞ্চের ও অভিনয়ের ইতিহাস (১৮৭২-১৯৭২)।

মডিউল-২ ১৩ + ৩ = ১৬

নাটক : দেবীগর্জন — বিজন ভট্টাচার্য/সাজানো বাগান — মনোজ মিত্র।

মডিউল-৩ ১৩ + ৩ = ১৬

নাটক : বাকি ইতিহাস — বাদল সরকার/ চাকা — সেলিম আলদীন।

## BNG524E

### নাট্যতত্ত্ব, নাট্যমঞ্চ ও নাটক (৪০ + ১০ = ৫০)

উদ্দেশ্য : এই কোর্সে বিভিন্ন ধারার প্রতিনিধিস্থানীয় কয়েকটি বাংলা নাটকের সঙ্গে পড়ুয়াদের পরিচয় ঘটিয়ে দেওয়া হবে।

মডিউল-১ ১৪ + ৪ = ১৮

নাটক : শ্রীমধুসূদন (বনফুল)/রামমোহন (নারায়ণ গঙ্গোপাধ্যায়)।

মডিউল-২ ১৩ + ৩ = ১৬

নাটক : প্রথম পার্থ (বুদ্ধদেব বসু)/পার্থ ফিরে এলো (রাম বসু)।

মডিউল-৩ ১৩ + ৩ = ১৬

নাটক : মৃত্যুসংবাদ (মোহিত চট্টোপাধ্যায়)/সওদাগরের নৌকা — অজিতেশ বন্দ্যোপাধ্যায়।

## BNG513F

### রবীন্দ্র-জীবন ও সাহিত্য (৪০ + ১০ = ৫০)

**উদ্দেশ্য :** নির্বাচিত রচনা পাঠের মধ্য দিয়ে কবি ও নাটককার রবীন্দ্রনাথের বিস্তারিত পরিচয় জানার পাশাপাশি তাঁর আত্মস্মৃতিমূলক রচনার সঙ্গেও পরিচয় ঘটবে এখানে।

**মডিউল -১** ১৪ + ৪ = ১৮

কাব্যগ্রন্থ : চিত্রা/নৈবেদ্য/প্রহাসিনী/শেষলেখা

**মডিউল-২** ১৩ + ৩ = ১৬

নাটক, নাট্যরূপ বিচিত্রা : রাজা/কালের যাত্রা/ কাহিনী (গান্ধারীর আবেদন, নরকবাস, কর্ণকুন্তী-সংবাদ)

**মডিউল-৩** ১৩ + ৩ = ১৬

জীবনস্মৃতি/আত্মপরিচয়/ছিন্নপত্রাবলী

## BNG514F

### রবীন্দ্র-জীবন ও সাহিত্য (৪০ + ১০ = ৫০)

**উদ্দেশ্য :** কথাসাহিত্য ও প্রবন্ধগুলি পাঠের মধ্য দিয়ে রসস্রস্টা ও চিন্তাবিদ রবীন্দ্রনাথের পরিচয় গ্রহণ করবে পড়ুয়ারা।

**মডিউল-১** ১৪ + ৪ = ১৮

উপন্যাস— গোরা

**মডিউল-২** ১৩ + ৩ = ১৬

গল্পগুচ্ছ তৃতীয় খণ্ড (গল্প— গুপ্তধন, মাষ্টারমশায়, পণরক্ষা, অপরিচিতা, তপস্বিনী, সংস্কার, নামঞ্জুর গল্প, চোরাই ধন) এবং লিপিকা (তৃতীয় ভাগের রচনাগুলি)।

**মডিউল-৩** ১৩ + ৩ = ১৬

**স্বদেশচিন্তা ও সমাজ-চিন্তা** বিষয়ক নির্বাচিত প্রবন্ধ : কমপক্ষে **ছয়টি** প্রবন্ধ পড়তে হবে।

কর্তার ইচ্ছায় কর্ম, সমস্যা (রাজা-প্রজা); সদুপায় (সমূহ); ছাত্রদের প্রতি সম্ভাষণ (আত্মশক্তি); পূর্ব ও পশ্চিম (সমাজ); স্বদেশী সমাজ এবং স্বদেশী সমাজের পরিশিষ্ট (আত্মশক্তি); সত্যের আহ্বান (কালান্তর); হিন্দু-মুসলমান (কালান্তর); রবীন্দ্রনাথের রাষ্ট্রনৈতিক মত (কালান্তর); সমবায় নীতি (সমবায়); অরণ্যদেবতা (পল্লীপ্রকৃতি); পল্লীপ্রকৃতি (পল্লীপ্রকৃতি)।

# BNG523F

## রবীন্দ্র-জীবন ও সাহিত্য (৪০ + ১০ = ৫০)

**উদ্দেশ্য :** এই কোর্সে বিচিত্র বিষয়ে বিচরণকারী রবীন্দ্রনাথের ভাবনাচিন্তার সঙ্গে পরিচিত হবে পড়ুয়ারা।

**মডিউল-১ : রবীন্দ্রনাথের ধর্ম-দর্শন-বিজ্ঞান চিন্তা** ১৪ + ৪ = ১৮

উৎসব (ধর্ম); রূপ ও অরূপ (সঞ্চয়) ভূমিকা ও মানবসত্য (মানুষের ধর্ম); সত্যেন্দ্রনাথ বসুর উদ্দেশে লিখিত উৎসর্গ ও উপসংহার (বিশ্বপরিচয়)

**মডিউল-২ : রবীন্দ্রনাথের শিক্ষা-চিন্তা** ১৩ + ৩ = ১৬

শিক্ষা ও সংস্কৃতিতে সংগীতের স্থান (সংগীতচিন্তা); শিক্ষার মিলন (শিক্ষা); বিশ্ববিদ্যালয়ের রূপ (শিক্ষা); আশ্রমের রূপ ও বিকাশ (প্রথম প্রবন্ধ, উক্ত গ্রন্থ)

**মডিউল-৩ : রবীন্দ্রনাথের সাহিত্য-চিন্তা, ভাষা ও অনুবাদ ভাবনা** ১৩ + ৩ = ১৬

ভাষার কথা (বাংলা ভাষা পরিচয়, পরিশিষ্ট); বাংলা ব্যাকরণ (শব্দতত্ত্ব); ঐতিহাসিক উপন্যাস (সাহিত্য); কবিজীবনী (সাহিত্য); বিহারীলাল (আধুনিক সাহিত্য); গদ্যকাব্য (সাহিত্যের স্বরূপ); কুমারসম্ভব ও শকুন্তলা (প্রাচীন সাহিত্য); ছেলেভুলানো ছড়া (লোকসাহিত্য); রূপান্তর

# BNG524F

## রবীন্দ্র-জীবন ও সাহিত্য (৪০ + ১০ = ৫০)

**উদ্দেশ্য :** রবীন্দ্রনাথের শিল্পময় জীবন ও কর্মজীবনের সঙ্গে ঘনিষ্ঠ পরিচয় করিয়ে দেওয়াই এই কোর্সের উদ্দেশ্য।

**মডিউল-১** ১৪ + ৪ = ১৮

**রবীন্দ্রনাথের শিল্পময় জীবনবৈচিত্র্য :** কবির চিত্রচিন্তা ও চিত্রশিল্পী রূপে আত্মপ্রকাশের ইতিহাস; নৃত্যনাট্য— রচনার ইতিহাস; কবির মঞ্চে অভিনয়ের ভূমিকা; বিশ্বযাত্রী রূপে রবীন্দ্রনাথ (ইংল্যাণ্ড-ভ্রমণ, চীন-জাপান-পারস্য ভ্রমণ, আমেরিকা ভ্রমণ, রাশিয়া ভ্রমণ, য়ুরোপ ভ্রমণ, তৎসংক্রান্ত অভিজ্ঞতা ও প্রতিক্রিয়া)।

**মডিউল-২** ১৩ + ৩ = ১৬

**রবীন্দ্রনাথের কর্মী-পরিচিতি ও কর্মজীবনের রূপরেখা :** স্বদেশী সমাজ গঠনের পরিকল্পনা; ব্রহ্মচর্যবিদ্যাশ্রম; বিশ্বভারতী—পল্লীচর্চাকেন্দ্র; সংকল্প ও সংগঠনের সংক্ষিপ্ত ইতিহাস; কলাভবন ও সংগীত ভবন; উদ্দেশ্য ও ঐতিহাসিক তাৎপর্য; স্বদেশের শিল্প-সংগীত-নৃত্য আন্দোলনে এই দুই প্রতিষ্ঠানের ভূমিকা।

**মডিউল-৩** ১৩ + ৩ = ১৬

**রবীন্দ্রনাথের সাহিত্যজীবনের বিবর্তন ও যুগবিভাগের প্রয়োজনীয়তা ও পদ্ধতি :** কবির কাব্যগ্রন্থ, গল্প-উপন্যাস, নাটক ও গদ্য-প্রবন্ধ গ্রন্থের প্রকাশ-ইতিহাস।

## BNG513G

### তুলনামূলক সাহিত্য (৪০ + ১০ = ৫০)

**উদ্দেশ্য :** ভারতীয় সাহিত্যের প্রেক্ষিতে বাংলা সাহিত্যকে এবং বাংলা সাহিত্যের প্রেক্ষিতে ভারতীয় সাহিত্যকে মূল্যায়ন করার লক্ষ্যেই এই কোর্সের পরিকল্পনা।

**মডিউল-১ : আধুনিক ভারতীয় গল্প** ১৪ + ৪ = ১৬

কালিন্দীচরণ পাণিগ্রাহী— বিজয় উৎসব (ওড়িয়া); মুন্সী প্রেমচন্দ—কাফন (হিন্দী), ভীষ্ম সাহানী— পানি (হিন্দি); জ্ঞানরঞ্জন— পেয়ারাগাছ (হিন্দি); বেঙ্কটেশ মাডগুলকার— ভোজবাজী (মারাঠী); অর্জুন ডাংলে— চিতা (মারাঠী); জাভেরচাঁদ মেঘানী— আসামী (গুজরাটী); ইসমত চুঘতাই— দুই হাত (উর্দু); ধন্ডপাণি জয়কান্তন— দিনের বেলায় একটি প্যাসেঞ্জার ট্রেনে (তামিল); ভৈকম মহম্মদ বসীর— দেওয়াল, (মালয়ালম); অনিতা দেশাই— বিক্রি (ভারতীয় ইরেজি)। (বিভিন্ন বাঙালি লেখকের লেখা একাধিক বাংলা ছোটগল্প)

**মডিউল-২** ১৩ + ৩ = ১৬

কালিদাস— মেঘদূতম্ (পূর্বমেঘ ও উত্তরমেঘ)

(রবীন্দ্রনাথের 'মানসী' থেকে 'সানাই' কাব্য পর্যন্ত যক্ষ ও মেঘদূত প্রসঙ্গে কবিতাবলী এবং বুদ্ধদেব বসু অনূদিত 'মেঘদূত' ইত্যাদি রচনা)

**মডিউল-৩** ১৩ + ৩ = ১৬

ফণীশ্বরনাথ রেণু— মৈলা আঁচল (উপন্যাস)/গিরিশ কারনাড— হয়বদন (নাটক)

## BNG514G

### তুলনামূলক সাহিত্য (৪০ + ১০ = ৫০)

**উদ্দেশ্য :** বিশ্বসাহিত্যের প্রেক্ষিতে বাংলা সাহিত্যকে এবং বাংলা সাহিত্যের প্রেক্ষিতে অ-ভারতীয় সাহিত্যকে মূল্যায়ন করার লক্ষ্যেই এই কোর্সের পরিকল্পনা।

**মডিউল-১** ১৪ + ৪ = ১৮

শেক্সপীয়র— কিং লিয়ার/ম্যাকবেথ

(মধুসূদন দত্তের 'কৃষ্ণকুমারী', দ্বিজেন্দ্রলাল রায়ের 'সাজাহান' ইত্যাদি নাটক)

**মডিউল-২** ১৩ + ৩ = ১৬

টি.এস. এলিয়ট— ট্রাডিশন অ্যান্ড ইন্ডিভিজুয়াল ট্যালেন্ট

টি. এস. এলিয়ট— দ্য ফ্রন্টিয়ারস্ অব ক্রিটিসিজম্

(রবীন্দ্রনাথ ঠাকুর, বিষ্ণু দে, সুধীন্দ্রনাথ দত্ত প্রমুখের প্রবন্ধ)

**মডিউল-৩** ১৩ + ৩ = ১৬

আর্নেস্ট হেমিংওয়ে— দি ওল্ড ম্যান এন্ড দি সী

(মানিক বন্দ্যোপাধ্যায়ের পদ্মা নদীর মাঝি, অদ্বৈত মল্লবর্মনের তিতাস একটি নদীর নাম, সমরেশ বসুর গঙ্গা, বুদ্ধদেব বসুর বসুর মাঝধরা প্রভৃতি রচনা)

অথবা

গ্যাব্রিয়েল গার্সিয়া মার্কেজ—ওয়ান হানড্রেড ইয়ারস্ অব সলিটিউড

(সাধন চট্টোপাধ্যায়, কিন্নর রায় ও অভিজিৎ সেন প্রমুখ বাঙালি কথাসাহিত্যিকের রচনা)

# BNG523G

## তুলনামূলক সাহিত্য (৪০ + ১০ = ৫০)

**উদ্দেশ্য :** ভারতীয় সাহিত্যের প্রেক্ষিতে বাংলা সাহিত্যকে এবং বাংলা সাহিত্যের প্রেক্ষিতে ভারতীয় সাহিত্যকে মূল্যায়ন করার লক্ষ্যেই এই কোর্সের পরিকল্পনা।

**মডিউল-১** ১৪ + ৪ = ১৮

কালিদাস— অভিজ্ঞানশকুন্তলম্ (নির্বাচিত অংশ)
(বঙ্কিমচন্দ্রের 'শকুন্তলা, মিরন্দা ও দেসদিমনা', বিদ্যাসাগরের 'শকুন্তলা', হরপ্রসাদ শাস্ত্রীর 'দুর্বাসার অভিশাপ', রবীন্দ্রনাথের 'প্রাচীন সাহিত্য' ইত্যাদি রচনা)
অথবা
জয়দেব— গীতগোবিন্দম্ (নির্বাচিত অংশ)
(শ্রীকৃষ্ণকীর্তন এবং অন্যান্য বৈষ্ণব সাহিত্য)

**মডিউল-২** ১৩ + ৩ = ১৬

রমাকান্ত রথ— শ্রীরাধা (কাব্য)
(তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের রাধা, রবীন্দ্রনাথ ও শ্রীশচন্দ্র সম্পাদিত পদরত্নাবলী ইত্যাদি রচনা)

**মডিউল-৩** ১৩ + ৩ = ১৬

অবদান সাহিত্য (নির্বাচিত অংশ)
পঞ্চপঞ্চাশৎ অবদান 'বস্ত্রম্', মহাবস্তু অবদানের 'অজ্ঞাত কৌণ্ডিল্য', অবদান শতকের 'শ্রীমতীতী আখ্যান', বোধিসত্ত্বাবদানকল্পলতা, দিব্যাবদানের শ্যামাবতীর কাহিনী, অবদান শতকের 'পদ্মঃ', মহাবস্তু অবদানের 'মালিন্যাবস্তুঃ', দিব্যাবদানমালার 'শার্দূলকর্ণাবদানম্'।
(রবীন্দ্রনাথের সংস্কৃত-বৌদ্ধসাহিত্য সংক্রান্ত কবিতা ও নাটক পাঠ্য, যথাক্রমে— শ্রেষ্ঠভিক্ষা, মস্তক বিক্রয়, পূজারিণী, অভিসার, সামান্য ক্ষতি, মূল্যপ্রাপ্তি, মালিনী, চণ্ডালিকা।)

# BNG524G

## তুলনামূলক সাহিত্য (৪০ + ১০ = ৫০)

**উদ্দেশ্য :** আধুনিক বিশ্বসাহিত্যের সঙ্গে বাংলা সাহিত্যের তুলনামূলক আলোচনায় দক্ষ করে তোলাই এই কোর্সের উদ্দেশ্য।

**মডিউল-১** ১৪ + ৪ = ১৮

উপন্যাস : মাদার—ম্যাক্সিম গোর্কি
(গোরা, জাগরী, হাজার চুরাশির মা ইত্যাদি রচনা)

**মডিউল-২** ১৩ + ৩ = ১৬

নাটক : গ্যালিলিও গ্যালিলেই— বের্টোল্ট ব্রেখট
(বাংলা নবনাট্য ও তৃতীয় ধারার নাটক ও নাট্যাঙ্গিক)

**মডিউল-৩** ১৩ + ৩ = ১৬

কবিতা : ওড টু এ নাইটিঙ্গেল— জন কীটস্ ও অ্যাডোনেইস— পি. বি. শেলি
(রবীন্দ্রনাথ প্রমুখ রোম্যান্টিক কবিদের বিবিধ কবিতা)
অথবা
ল্যে ফ্ল্যর্ দ্য ম্যাল— শার্ল বোদলেয়ার
(বুদ্ধদেব বসুর অনুবাদ, কল্লোল ও কল্লোলোত্তর আধুনিক কবিদের কবিতা)

# Research Work (RW)

স্নাতকোত্তর (দুই বছর ও এক বছরের) পড়ুয়াদের RW-পর্যায়ের পাঠ্য হিসেবে এই কোর্স দুটি তৈরি করা হয়েছে। তৃতীয়/প্রথম ও চতুর্থ/দ্বিতীয় সেমেস্টারে একটি করে কোর্স পাঠ করতে হবে। দুটি কোর্সই চার ক্রেডিটের।

## BNG515

### গবেষণার পদ্ধতিবিজ্ঞান (৪০ + ১০ = ৫০)

**উদ্দেশ্য :** বিদ্যায়তনিক জ্ঞানচর্চার জগতে প্রচলিত নিয়মবিধিগুলি সম্পর্কে পড়ুয়াদের অবহিত করানোই এই কোর্সের লক্ষ্য।

**মডিউল-১** ১৩ + ৩ = ১৬

গবেষণার সংজ্ঞা, স্বরূপ ও বৈশিষ্ট্য; গবেষণার প্রকারভেদ; আদর্শ গবেষণার গুণাবলী; মূলশব্দ, ধারণাগঠন এবং তত্ত্বসমূহের ধারণা; লিটারেচার রিভিউ।

**মডিউল-২** ১৩ + ৩ = ১৬

গবেষণাকর্মে প্রতিষ্ঠান ও নির্দেশকের ভূমিকা; রিসার্চ কোশ্চেন ও রিসার্চ হাইপোথিসিস; এস ও পি লিখন; রিসার্চ এথিক্স-এর ধারণা; গবেষণার নীতিগত উদ্বেগের বিষয় ও ক্ষেত্রসমূহ; ই-গবেষণার নৈতিক বিবেচনাসমূহ; কুম্ভীলকবৃত্তি— সংজ্ঞা, প্রকারভেদ, শনাক্তকরণ ও পরিহার।

**মডিউল-৩** ১৪ + ৪ = ১৮

তথ্যের উৎস— প্রাথমিক ও গৌণ উৎস; তথ্য—সংগ্রহ, সংরক্ষণ ও বিশ্লেষণ; তথ্যপ্রযুক্তি, কৃত্রিম মেধা ও তার ব্যবহার; অভিসন্দর্ভ/রিসার্চ রিপোর্টের ধারণা; গবেষণার আদর্শ বিন্যাসক্রম; উদ্ধৃতির প্রয়োগ ও তথ্যসূত্র প্রদান; প্রান্তটীকা, পাদটীকা, উৎস নির্দেশ, গ্রন্থপঞ্জি, নির্ঘণ্ট ও পরিশিষ্ট প্রণয়ন বিধি; গবেষণাকর্ম পরিমার্জনের গুরুত্ব এবং প্রুফ সংশোধনের নিয়মাবলী; পুরাতন সংখ্যা, পরিমাপ ও চিহ্ন লিখন পদ্ধতি।।

## BNG525

### ডিসার্টেশন/প্রোজেক্ট পেপার তৈরি (3D/P+1 Viva)

### (৪০ + ১০ = ৫০)

**উদ্দেশ্য :** গবেষণাপত্র তৈরির ধারণা গড়ে তোলা। জীবন এবং সাহিত্যের যে কোনো বিষয়ে নিজস্ব যুক্তিসহ ব্যাখ্যা বিশ্লেষণ এবং সিদ্ধান্ত গ্রহণে সক্ষম হয়ে উঠবে।

- ❑ বিভাগীয় শিক্ষক/শিক্ষকমণ্ডলী কর্তৃক নির্দিষ্ট করে দেওয়া গবেষণাধর্মী বিষয়ের উপর অভিসন্দর্ভ/প্রোজেক্ট পেপারটি লিখতে হবে।
- ❑ গবেষণাপত্রটি যাতে মৌলিক হয়, সমস্ত তথ্য যাতে প্রামাণ্য হয় এবং বিশ্লেষণ যাতে বিদ্যমান জ্ঞান ও উপাত্তের নতুন ব্যাখ্যা সমৃদ্ধ হয়ে ওঠে সে বিষয়ে সংশ্লিষ্ট সকলকে যত্নবান হতে হবে।
- ❑ ডিসার্টেশন/প্রোজেক্ট পেপার-এর শব্দসংখ্যা কমবেশি ৩০০০ (তিন হাজার) হতে হবে।
- ❑ রচিত ডিসার্টেশন/প্রোজেক্ট-এর ভিত্তিতেই মৌখিক পরীক্ষা নেওয়া হবে।